

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪০

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ দ্বীনে অটল থাকার হাদীসসমূহ

আরবী

وَعَنْ أَبِيْ عَمْرٍو وَقِيلَ : أبي عَمْرَةَ سُفيَانَ بنِ عَبدِ الله قَالَ : قُلْتُ : يَا رَسُولَ الله قُلْ لِي فَي الْإِسْلامِ قَولاً لاَ أَسْأَلُ عَنهُ أَحَداً غَيْرَكَ قَالَ قُلْ آمَنْتُ بِاللهِ فَاسْتَقِمْ رواه مسلم

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

فَاسْتَقِمْ كَمَا أُمِرْتَ

অর্থাৎ, সুতরাং তুমি যেরূপ আদিষ্ট হয়েছ সেইরূপ সুদৃঢ় থাক। (সূরা হুদ ১১২ আয়াত)

তিনি আরোও বলেন,

إِنَّ الَّذِينَ قَالُوْا رَبُّنَا اللهُ ثُمَّ اسْتَقَامُوا تَتَنَرَّلُ عَلَيْهِمُ الْمَلائِكَةُ أَلاَّ تَخَافُوا وَلا تَحْزَنُوا وَأَبْشروا بِالْجَنَّةِ الَّتِي كُنْتُمْ وَلَكُمْ فِيهَا مَا تَشْتَهِي أَنْفُسُكُمْ وَلَكُمْ فِيهَا مَا تَدَّعُونَ نُزُلاً مِنْ تُوعَدُونَ نَحْنُ أَوْلِيَاؤُكُمْ فِيهَا مَا تَدَّعُونَ نُزُلاً مِنْ غُفُورِ رَحِيم غَفُورِ رَحِيم

অর্থাৎ, নিশ্চয় যারা বলে, 'আমাদের প্রতিপালক আল্লাহ' তারপর তাতে অবিচলিত থাকে, তাদের নিকট ফিরিশতা অবতীর্ণ হয় (এবং বলে), 'তোমরা ভয় পেয়ো না, চিন্তিত হয়ো না এবং তোমাদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তার সুসংবাদ নাও। ইহকালে আমরা তোমাদের বন্ধু এবং পরকালেও; সেখানে তোমাদের জন্য সমস্ত কিছু রয়েছে যা তোমাদের মন চায়, যা তোমরা আকাজ্ঞা কর। চরম ক্ষমাশীল, পরম দয়ালু আল্লার পক্ষ হতে এ হবে আপ্যায়ন।' (সুরা হা-মীম সিজদা ৩০-৩২ আয়াত) তিনি অন্যত্রে বলেন,

إِنَّ الَّذِينَ قَالُوْا رَبُّنَا اللهُ ثُمَّ اسْتَقَامُوا فَلا خَوْفٌ عَلَيْهِمْ وَلا هُمْ يَحْزَنُونَ أُولَئِكَ أَصِحَابُ الْجَنَّةِ خَالِدِينَ فِيهَا جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ بِمَا كَانُوا يَعْمَلُونَ بِمَا كَانُوا يَعْمَلُونَ

অর্থাৎ, নিশ্চয় যারা বলে, আমাদের প্রতিপালক আল্লাহ অতঃপর এই বিশ্বাসে অবিচলিত থাকে, তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিতও হবে না। তারাই জান্নাতের অধিবাসী সেখানে তারা চিরস্থায়ী হবে, এটাই তাদের



কর্মফল। (সূরা আহকাফ ১৩-১৪ আয়াত)

(২৪০) আবূ আমর (মতান্তরে) আবূ আমরাহ সুফয়ান ইবনে আব্দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন যে, আমি বললাম, 'হে আল্লাহর রসূল! আপনি আমাকে ইসলামের এমন একটি কথা বলে দিন, যে সম্পর্কে আপনাকে ছাড়া অন্য কাউকে জিজ্ঞাসা না করতে হয়।' তিনি বললেন, ''তুমি বল, আমি আল্লাহর প্রতি ঈমান আনলাম, অতঃপর (তার উপর) অন্ড থাক।

ফুটনোট

(মুসলিম ১৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন